



স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৫.২০২১-৩৬৬

তারিখ ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

পরিপত্র

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২৬(গ) অনুচ্ছেদের ক্ষমতাবলে সরকার কর্তৃক নীতিমালা ১৭.২ নং অনুচ্ছেদের নিয়রূপ সংশোধন করা হলো:

১৭.২ নতুন কোনো শিক্ষা প্রতিষ্ঠান/স্তর এমপিও কোড পাওয়ার পর প্রতিষ্ঠানের পাঠদান, একাডেমিক স্বীকৃতি, এমপিও কোড ও অন্যান্য কাগজপত্র এবং ব্যক্তি এমপিও'র ক্ষেত্রে শিক্ষক-কর্মচারীদের সকল পরীক্ষার সনদ/মার্কশীট এনটিআরসিএ'র নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে) এনটিআরসিএ'র সুপারিশ (প্রযোজ্য ক্ষেত্রে) ও নিয়োগ সংক্রান্ত কাগজপত্রের মূল কপিসহ নিম্নবর্ণিত উপজেলা/থানা/জেলা কমিটি প্রতিষ্ঠানটি সরেজমিনে যাচাই করবেন। যাচাই শেষে সঠিকতা থাকলে প্রতিষ্ঠান প্রধান অনলাইনে আবেদন করবেন। জেলা/অঞ্চল পর্যায়ে কমিটি অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ সংশ্লিষ্ট স্তর যাচাই করবেন।

(ক) উপজেলা/থানা পর্যায়ের কমিটি (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজের মাধ্যমিক অংশ):

- (১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা/থানা)
- (২) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি (সংশ্লিষ্ট উপজেলা/থানা)-০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।
- (৩) এমপিওভুক্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক- (সংশ্লিষ্ট উপজেলা/থানা)-০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।

(খ) জেলা পর্যায়ের কমিটি (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজের মাধ্যমিক অংশ):

- (১) জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)
- (২) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)
- (৩) জেলা সদরের এমপিওভুক্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক- ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।

উভয়ক্ষেত্রে সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে উপজেলার প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে এবং জেলার প্রতিষ্ঠানের মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) অঞ্চল পর্যায়ের কমিটি (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, স্কুল এন্ড কলেজের মাধ্যমিক অংশ):

- (১) উপ পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল)
- (২) অঞ্চলে অবস্থিত জেলা শহরের/বিভাগীয় শহরের সরকারি হাই স্কুলের প্রধান শিক্ষক ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।
- (৩) অঞ্চলে অবস্থিত জেলা শহরের/বিভাগীয় শহরের এমপিওভুক্ত হাই স্কুলের প্রধান শিক্ষক ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।

(ঘ) জেলা পর্যায়ের কমিটি [স্কুল এন্ড কলেজের কলেজ অংশ, উচ্চ মাধ্যমিক কলেজের এবং স্নাতক (পাস) কলেজ]:

- (১) জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)
- (২) সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সংশ্লিষ্ট জেলা)-০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)
- (৩) এমপিওভুক্ত কলেজের অধ্যক্ষ-(সংশ্লিষ্ট জেলা)-০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)

কলেজের জন্য উপজেলা/জেলা পর্যায়ে কোনো কমিটি না থাকায় জেলা পর্যায়ে কলেজের জন্য এ কমিটি গঠন করা হয়েছে। কমিটি আবেদনসমূহ যাচাই করে অঞ্চল পর্যায়ের কমিটির নিকট সুপারিশ প্রেরণ করবেন।

(ঘ) অঞ্চল পর্যায়ের কমিটি [স্কুল এন্ড কলেজের কলেজ অংশ, উচ্চ মাধ্যমিক কলেজের এবং স্নাতক (পাস) কলেজ]:

- (১) পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল):
- (২) জেলা শহরের/বিভাগীয় শহরের সরকারি কলেজের অধ্যক্ষ ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)
- (৩) জেলা শহরের/বিভাগীয় শহরের এমপিওভুক্ত কলেজের অধ্যক্ষ ০১ জন (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)।

০২। ব্যক্তি এমপিওভুক্তির ক্ষেত্রে দাখিলযোগ্য আবশ্যিকীয় সনদ ও রেকর্ডপত্র বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর পরিশিষ্ট 'ঙ' অনুসরণ করতে হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আবু বকর হিদ্দীক)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৫.২০২১-৩৬৬

তারিখ ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

সদয় অবগতি/কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক..... (সকল)।
৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
৮. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জেলা শিক্ষা অফিসার..... (সকল)।
১১. উপজেলা নির্বাহী অফিসার,(সকল)।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,(সকল)।
১৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ।
১৪. অফিস কপি।